

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৪৫৩৭

পর্ব-২৩: চিকিৎসা ও ঝাড়-ফুক (كتاب الطب والرقي)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الفصل الثاني

আরবী

وَعَنْ أَسْمَاءَ بِنْتِ عُمَيْسٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَأَلَهَا: «بِمَ تَسْتَمِشِينَ؟»
قَالَتْ: بِالشُّبْرِمِ قَالَ: «حَارٌّ حَارٌّ». قَالَتْ: ثُمَّ اسْتَمَشَيْتُ بِالسِّنَا فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ
عَلَيْهِ وَسَلَّمَ: «لَوْ أَنَّ شَيْئًا كَانَ فِيهِ الشِّفَاءُ مِنَ الْمَوْتِ لَكَانَ فِي السِّنَا». رَوَاهُ التِّرْمِذِيُّ
وَأَبْنُ مَاجَةَ وَقَالَ التِّرْمِذِيُّ: هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ

বাংলা

৪৫৩৭-[২৪] আসমা বিনতু 'উমায়স (রাঃ)হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে জিজ্ঞেস করলেন : তোমরা জেলাবের জন্য কি জিনিস ব্যবহার করো? আসমা বললেনঃ শুক্রম ব্যবহার করি। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ তা তো অত্যধিক গরম-ভীষণ গরম। আসমা বলেন, পরে আমি সানা দ্বারা জেলাব নেই। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ যদি মৃত্যু হতে রক্ষার কোন ঔষধ থাকত, তবে সানা-এর মধ্যেই থাকত। [তিরমিযী ও ইবনু মাজাহ; আর ইমাম তিরমিযী (রহিমাল্লাহ) বলেনঃ হাদীসটি হাসান ও গরীব][1]

ফুটনোট

[1] য'ঈফ : তিরমিযী ২০৮১, 'বায়হাকী'র কুবরা ২০০৬৪।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে “উতবাহ্ ইবনু 'আবদুল্লাহ” নামের বর্ণনাকারী যার নাম যুর্'আহ্। ইনি অপরিচিত (মাজহুল), এ সানাটি আরেকটি দোষ হলো এতে মুন্ধতি আছে, 'উতবাহ্ ইবনু 'আবদুল্লাহ এবং আসমা -এর মাঝে একজন বর্ণনাকারী আছে, যার নাম উল্লেখ নেই। দেখুন- হিদায়াতুর্ রুওয়াত ৪/২৭২ পৃঃ, হাঃ/ ৪৪৬৩, ইবনু মাজাহ ৪৫৩৭, য'ঈফুল জামি'উস্ সগীর ৪৮০৭।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (شُبْرَم) ‘শুবরম’-এর পরিচয়ে ইমাম জাযারী (রহিমাহুল্লাহ) ‘নিহায়াহ্’ গ্রন্থে বলেনঃ শুবরম একপ্রকারের দানা যা আকারে চানাবুটের মতো যা সিদ্ধ করে ঔষধ হিসেবে তার পানি পান করা হয়।

‘সানা-’ হলো এক প্রকারের ঘাস যা রস করে সিদ্ধ করে তার পানি পান করতে হয়। পেট নামলে বা ডায়রিয়া হলে এটি খুবই উপকারী। এটি উকুন ও মাথা ব্যথা থেকে মুক্তি পাওয়ার মাধ্যম। এটি পেশীবহুল হতে ও মাথার চুল গজাতে সহায়তা করে। (তুহফাতুল আহুওয়াযী ৫ম খন্ড, হাঃ ২০৮১)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আসমা বিনতু ‘উমায়স (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75261>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন